## ৫.০২ North West Power Generation Company Limited (NWPGCL)-এর খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট এবং রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্টে গ্যাস সরবরাহ

নর্থ-ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)-এর অর্থায়নে রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য এনডব্লিউপিজিসিএল এবং এসজিসিএল-এর যৌথ তত্ত্বাবধানে ইতোমধ্যেই ২৪ ইঞ্চি ব্যাসের ৯.২১২৭ কি.মি. এবং ২০ ইঞ্চি ব্যাসের ১.৮৫৫৩ কি.মি. অর্থাৎ মোট ১১.০৬৮ কিঃ মিঃ পাইপ লাইন নির্মাণ করা হয়েছে। এছাড়া, এনডব্লিউপিজিসিএল কর্তৃক  প্রস্তাবিত রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং আরএমএস নির্মাণের জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান করে গত ২৮/১১/২০১৯ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে কারিগরি সহায়তার অংশ হিসেবে এসজিসিএল কর্তৃক প্রস্তাবিত আরএমএস এর ডিজাইন ও ড্রয়িং এর যাচাই-বাছাই এবং নক্সা অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে। আরও উল্লেখ্য যে, এনডব্লিউপিজিসিএল-এর অর্থায়নে খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের আরএমএস ইতোপূর্বে নির্মিত হয়েছে।



এনডব্লিউপিজিসিএল-এর ৮০০ মেঃওঃ সিসিপিপি'র আঙিনা পর্যন্ত নির্মিত পাইপলাইনে গ্যাস প্যাকিং

এনডব্লিউপিজিসিএল হতে জানা যায় যে, আগামী সেপ্টেম্বর-২০২১ নাগাদ RMS, GBC, GT কমিশনিংপূর্বক উক্ত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস গ্রহণ করা সম্ভব হবে। এছাড়া, বর্ণিত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের নিমিত্ত অত্র কোম্পানি এবং এনডব্লিউপিজিসিএল এর মধ্যে Gas Supply Agreement (GSA) স্বাক্ষরের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। বর্ণিত গ্যাস অবকাঠামো নির্মাণ শেষে পর্যাপ্ত গ্যাস প্রাপ্তি সাপেক্ষে খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপিতে আগস্ট-২০২১ হতে ৩৫ এমএমসিএফডি হারে গ্যাস প্রয়োজন হবে। এছাড়া, এনডব্লিউপিজিসিএল হতে প্রাপ্ত তথ্য মোতাবেক আগামী ফেব্রুয়ারী/২০২৩ মাসে রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি-এর প্রথম ইউনিট এবং আগস্ট/২০২৩ মাসে দ্বিতীয় ইউনিটের কমিশনিং সম্পন্ন হবে। আগস্ট/২০২২ মাস হতে দৈনিক ১৫ মিলিয়ন ঘনফুট এবং ফেব্রুয়ারী/২০২৩ ইং মাস হতে দৈনিক ৬৫ মিলিয়ন ঘনফুট গ্যাস প্রয়োজন হবে। তবে আগস্ট/২০২৩ মাস হতে উভয় ইউনিট চালু থাকবে বিধায় ৬৫ মিলিয়ন ঘনফুট × ২ অর্থাৎ দৈনিক সর্বমোট ১৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস প্রয়োজন হবে।

## ৫.০৩ খুলনা ৩৩০ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ

বিউবো কর্তৃক নির্মাণাধীন খুলনা ৩৩০ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের নিমিত্ত আরএমএস নির্মাণের লক্ষ্যে Technical Specification, প্রাক্কলন, দরপত্র দলিল প্রস্তুত, দরপ্রস্তাব মূল্যায়ন ও নির্মাণ কাজ

তদারকির জন্য অত্র কোম্পানির পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আলোকে বিউবো ও এসজিসিএল এর মধ্যে স্বাক্ষরিতব্য MoU (Memorandum of Understanding) চূড়ান্ত করে পিডিবি'র নিকট প্রেরণ করা হয়েছে। আশা করা যায়, অতিশীঘ্রই আলোচ্য MoU স্বাক্ষরিত হবে। এছাড়াও বিউবো কর্তৃক দরপত্র আহবানের লক্ষ্যে প্রস্তাবিত আরএমএস ও এনডব্লিউপিজিসিএল এর খুলনাস্থ ২২৫ মেঃওঃ সিসিপিপি আরএমএস-এর অফটেক হতে উক্ত আরএমএস-এর ইনলেট পর্যন্ত পাইপলাইন স্থাপনের নিমিত্ত অত্র কোম্পানি কর্তৃক Technical Specification, প্রাক্কলন ও দরপত্র দলিল প্রস্তুত করে পিডিবি বরাবর ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।

## ৫.০৪ কুষ্টিয়া বিসিক এলাকায় নতুন শিল্প গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জারীকৃত অফিস আদেশে প্রদত্ত নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে এসজিসিএল পরিচালনা পর্ষদ কর্তৃক কুষ্টিয়া বিসিক এবং তৎসংলগ্ন এলাকায় নতুন শিল্প গ্রাহকদের গ্যাস সংযোগের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে ১০” ব্যাস ×১৪০ পিএসআইজি ×১.৭ কিঃ মিঃ পাইপলাইন ও ১টি ডিআরএস (হুক-আপ লাইনসহ) নির্মাণ করতঃ মেসার্স এমআরএস ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের শিল্প ও ক্যাপটিভ শ্রেণীতে গ্যাস সংযোগের অনুমতি প্রদান করা হয়েছে। তদপ্রেক্ষিতে মেসার্স এমআরএস ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বিসিক শিল্পনগরী, কুষ্টিয়া-কে গ্যাস সরবরাহের বিষয়ে গত ০৯/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত এসজিসিএল-এর ৯০তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপোজিটরী ওয়ার্ক হিসেবে জিটিসিএল-এর অফটেক থেকে গ্রাহক আঙ্গিনা পর্যন্ত গ্যাস পাইপলাইন, ডিআরএস এবং আনুষঙ্গিক গ্যাস অবকাঠামো নির্মাণসহ যাবতীয় খরচের প্রাক্কলিত ব্যয় টাঃ ৭,৪২,৬৭,০০০/- (টাকা সাত কোটি বিয়াল্লিশ লক্ষ সাতষট্টি হাজার মাত্র) এসজিসিএল এর অনুকূলে জমা প্রদানের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। গ্রাহক কর্তৃক প্রয়োজনীয় অর্থ এসজিসিএল এর অনুকূলে জমা প্রদান করা হলে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করতঃ মাঠ পর্যায়ের কাজ শুরু করা সম্ভব হবে।

## ৫.০৫ ভোলা শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস সংযোগ কার্যক্রম

ভোলা আঞ্চলিক বিপণন কার্যালয় ও সংশ্লিষ্ট এলাকায় গ্যাস সংযোগ প্রদানের লক্ষ্যে ঠিকাদার মেসার্স পিএসএমএনআর অ্যান্ড কোং, পাঁচলাইশ, চট্টগ্রামের সাথে Riser Installation, Construction of Service Line, Low Pressure Distribution Gas Pipeline & Related Maintenance, Rehabilitation and Emergency Maintenance Work Under Regional Distribution Office (RDO) Bhola of Sundarban Gas Company Ltd. for 2019 & 2020 Calendar Year শীর্ষক কাজের জন্য ২০১৯ ও ২০২০ পঞ্জিকাবর্ষে সম্পাদিত চুক্তির আওতায় জানুয়ারী-২০২০ পর্যন্ত মোট ১২৬৪ টি রাইজার উত্তোলন করা হয়।

## ৫.০৬ ডিআরএস নির্মাণ সংক্রান্ত কার্যক্রম

ভোলা শহরের নিরবচ্ছিন্ন গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে এনবিবিএল-এর ১২ ইঞ্চি ব্যাসের ৭ কি.মি. গ্যাস পাইপলাইনের আওতায় বোরহানউদ্দিন ভাল্ব স্টেশনের অভ্যন্তরে একটি ডিআরএস (১০০০-৬০ পিএসআইজি) নির্মাণের লক্ষ্যে ডিআরএস-এর ডিজাইন, ড্রয়িং ও নকশা প্রণয়নের কাজ চলমান রয়েছে যার দরপত্র আহবান করা হবে।

## ৫.০৭ দক্ষিণ পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত/ক্রয়কৃত জমির ভূমি উন্নয়ন কর্মকান্ড

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড- এর অধিভুক্ত এলাকার মধ্যে ৫টি জেলায় মোট ১১টি স্থানে অফিস ভবন ও ডিআরএস/গ্যাস স্থাপনা নির্মাণের লক্ষ্যে দক্ষিণ পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রকল্পের আওতায় ৪.১৪১১ একর জমি অধিগ্রহণ করা হয়। সে লক্ষ্যে অধিগ্রহণকৃত সকল জমির সীমানা চিহ্নিত পিলার ও বেষ্টনী স্থাপন, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ ইত্যাদি কাজের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে খুলনার কৃষ্ণনগর মৌজায় ০.৬৫২২ একর (জয়বাংলার মোড় সংলগ্ন), আড়ংঘাটা মৌজায় ০.১৬৫৩ একর এবং যোগীপুল মৌজায় ০.১৬৬৫ একর জমির চতুর্দিকে সীমানা চিহ্নিত পিলার ও বেষ্টনী স্থাপন করা হয়েছে এবং উক্ত ৩টি স্থানের জমির ভূমি উন্নয়ন এবং সীমানা প্রাচীর নির্মাণের জন্য এসজিসিএল-এর মূলধনী বাজেটে অর্থের সংস্থান রয়েছে। অবশিষ্ট জমি সমূহে পর্যায়ক্রমে ভূমি উন্নয়ন এবং সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রাক্কলিত অর্থ মূলধনী বাজেটে সংস্থান রেখে নির্মাণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে।

## ৫.০৮ দক্ষিণ-পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রকল্পের আওতায় ক্রয়কৃত লাইন পাইপ ও সংশ্লিষ্ট অন্যান্য মালামাল বিতরণ এবং ইনভেন্টরি

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক, মূল্য পরিশোধের ভিত্তিতে পেট্রোবাংলা ও এর বিভিন্ন কোম্পানিসমূহের মধ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের আওতায় দক্ষিণ-পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রকল্পের জন্য ক্রয়কৃত মালামালসমূহের বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৮৪৫ কিঃ মিঃ লাইন পাইপের মধ্যে ইতোমধ্যে ২২২.৯৩৫ কিঃ মিঃ লাইন পাইপ পেট্রোবাংলার বিভিন্ন কোম্পানির মধ্যে বিতরণ করা হয়েছে এবং ৬২২.০৬৫ কিঃ মিঃ লাইন পাইপ অবশিষ্ট রয়েছে। প্রসঙ্গত, লাইনপাইপের সাথে সংশ্লিষ্ট গ্যাস ইক্যুইপমেন্ট ও ফিটিংসসমূহ পেট্রোবাংলার আওতাধীন বিপণন কোম্পানিসমূহে বিতরণ করা হচ্ছে। এছাড়াও সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর যশোর, নোয়াপাড়াস্থ বেঙ্গল টেক্সটাইল মিলের ভাড়াকৃত ৬(ছয়)টি গোডাউনে সংরক্ষিত মালামালসমূহের সজ্জাকরণ, বিন্যাস ও ইনভেন্টরিকরণ কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

## ৫.০৯ এসজিসিএল-এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর পাইপ ইয়ার্ড, ওয়ার্কশপ, টেস্টিং ল্যাব, স্টোর, গ্যাস স্টেশন, ডরমেটরী ও রেস্ট হাউজ নির্মাণের লক্ষ্যে খুলনা জেলার ফুলতলা উপজেলার শ্যামগঞ্জ মৌজার মহসিন জুট মিলের মালিকানাধীন ৩.০২৮৭ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। ইতোমধ্যে জেলা প্রশাসকের অফিসের চাহিদা ও ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭-এর চেকলিস্ট মোতাবেক পরিবেশগত ছাড়পত্র, কেডিএ অনাপত্তি পত্র, অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন, নকশা, মৌজা ম্যাপ, লে-আউট প্লান, প্রস্তাবিত প্রকল্প বিবরণীসহ একটি অধিগ্রহণ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক, খুলনার অফিসে অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।

## ৫.১০ প্রধান কার্যালয় ভবন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম

কোম্পানির প্রধান কার্যালয় ভবন নির্মাণের জন্য খুলনা জেলার কৃষ্ণনগর মৌজায় অধিগ্রহণকৃত ০.৬৫২২ একর জমিতে মাটি ভরাটসহ বাউন্ডারি ওয়াল নির্মাণের সার্ভে কার্যক্রম সম্পন্ন হয়েছে। ডিজাইন ও নকশা প্রণয়নের কাজ চলমান রয়েছে।

## ৫.১১ ভোলা এলাকায় স্থাপিত বিদ্যমান গ্যাস বিতরণ ও সার্ভিস পাইপলাইনের ক্ষয় প্রতিরোধের জন্য ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম আপগ্রেডেশন

কোম্পানির অধিকারভুক্ত ভোলা এলাকায় স্থাপিত বিদ্যমান গ্যাস সঞ্চালন ও বিতরণ পাইপলাইনের ক্ষয় প্রতিরোধের জন্য বোরহানউদ্দিন, বাংলাবাজার ও আবিকা-এর অভ্যন্তরে মোট ৩টি ট্রান্সফর্মার রেক্টিফায়ার (টিআর) সেট রয়েছে। গ্যাস সঞ্চালন লাইনের বিভিন্ন পয়েন্টে স্থাপিত টেস্ট পোস্টে PSP এর মান সন্তোষজনক পাওয়া গেলেও গ্যাস বিতরণ পাইপলাইনের বিভিন্ন পয়েন্টে স্থাপিত টেস্ট পোস্টে PSP এর মান আদর্শ মান অপেক্ষা কম পাওয়া যাচ্ছে। বর্তমানে গ্যাস বিতরণ পাইপলাইনের ক্ষয় প্রতিরোধের জন্য ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম আপগ্রেড করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ৬.০০ ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা

দেশের অর্থনৈতিক ও শিল্প উন্নয়নের মাধ্যমে সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক স্থাপনের নিমিত্ত এসজিসিএল-এর অধিভুক্ত এলাকায় গ্যাস সংযোগ নেটওয়ার্ক স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে খুলনা, মংলা, গোপালগঞ্জ ও তৎসংলগ্ন এলাকার বিসিক, অর্থনৈতিক অঞ্চল, ইপিজেড ও অন্যান্য শিল্প ঘন এলাকায় নতুন শিল্প গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদানের নিমিত্ত ২০১৯-২০২৫ সাল মেয়াদে এসজিসিএল এর কর্মপরিকল্পনার অংশ হিসেবে পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ সংক্রান্ত কার্যক্রম বিবেচনায় নেয়া হয়েছে যা নিম্নে উল্লেখ করা হলো:

## ৬.০১ ঝিনাইদহ বিসিক এলাকায় নতুন শিল্প গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান

ঝিনাইদহ বিসিক এবং তৎসংলগ্ন এলাকায় নতুন শিল্প গ্রাহকদের গ্যাস সংযোগের প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের জন্য কোম্পানির ৯৫তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়। বোর্ড ঝিনাইদহ বিসিক এবং তৎসংলগ্ন এলাকায় নতুন শিল্প গ্রাহকদের

গ্যাস সংযোগের নিমিত্ত গ্যাসের বর্তমান চাহিদা ও ভবিষ্যত চাহিদা নিরূপণসহ সার্বিক বিষয় তুলে ধরে পেট্রোবাংলার মতামত/নির্দেশনা গ্রহণের সিদ্ধান্ত প্রদান করে। সে মোতাবেক বিস্তারিত জরীপ কাজ চলমান রয়েছে। প্রাথমিক জরিপ অনুযায়ী জিটিসিএল এর ঝিনাইদহ অফটেক হতে এসজিসিএল এর প্রস্তাবিত ঝিনাইদহ ডিআরএস পর্যন্ত ৮"ϕ × ৩০০পিএসআইজি × ৬২০ মিটার; প্রস্তাবিত ডিআরএস হতে ঝিনাইদহ বিসিক পর্যন্ত ৮"ϕ× ১৪০পিএসআইজি × ২২০ মিটার এবং ঝিনাইদহ বিসিকের অভ্যন্তরে ৮"ϕ× ১৪০পিএসআইজি × ২৭০ মিটার ও ৪"ϕ× ১৪০ পিএসআইজি × ৮০০ মিটার গ্যাস পাইপলাইন ও ১টি ডিআরএস নির্মাণের প্রয়োজন হবে। এছাড়াও "বিসিক ঝিনাইদহ শিল্পনগরী সম্প্রসারণ" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি-তে গ্যাস সংযোগ ও সরবরাহ লাইন ব্যয় সংযোজনের নিমিত্ত লে-আউট অনুযায়ী গ্যাস সংযোগ ও সরবরাহ লাইন স্থাপনের সম্মতিসহ ব্যয় প্রাক্কলন প্রেরণের জন্য গত ১৭/১০/২০২০ তারিখে অনুরোধ জানানো হয়েছে।

## ৬.০২ যশোর ও খুলনা জেলার অর্থনৈতিক অঞ্চল ও বিসিক শিল্প এলাকায় গ্যাস সরবরাহ কার্যক্রম

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে গত ২৮/০৫/২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কুষ্টিয়া-যশোর এলাকায় গ্যাস সংযোগ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে যশোর ও খুলনা বিসিকে বিস্তারিত জরিপ কাজ চলমান রয়েছে। প্রাথমিক জরিপ অনুযায়ী আড়ংঘাটা ডিআরএস, খুলনা থেকে শিরোমণি বিসিক, খুলনা পর্যন্ত ১০" ব্যাস × ১৪০ পিএসআইজি × ১০.৩ কিঃ মিঃ পাইপলাইন ও ০১টি ডিআরএস নির্মাণ এবং জিটিসিএল এর টিবিএস হতে যশোর বিসিক এলাকা পর্যন্ত ১০" ব্যাস × ১৪০ পিএসআইজি × ৫.৩ কিঃ মিঃ পাইপলাইন ও ০১টি ডিআরএস নির্মাণের প্রয়োজন হবে।

## ৬.০৩ বাগেরহাট জেলার মংলায় গ্যাস সরবরাহ কার্যক্রম

মংলা ইজেড, মংলা ইপিজেড, রামপাল ইজেড, ইন্ডিয়ান এসইজেড, ফামকাম ইজেড ও অন্যান্য শিল্প কারখানায় গ্যাস সরবরাহ করার লক্ষ্যে ইতোপূর্বে "দক্ষিণ পশ্চিমাঞ্চলের মংলা, কুষ্টিয়া ও ভোলা ইকোনমিক জোনে গ্যাস সরবরাহ ও ভোলা এলাকায় বিতরণ লাইন সম্প্রসারণে ২০", ২৬", ১০" ও ৮" ব্যাসের মোট ৭৫ কিঃমিঃ পাইপলাইন নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়। উক্ত ডিপিপি এর বিষয়ে প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্ত এবং পরবর্তীতে পেট্রোবাংলার ৬২ তম সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আরপিজিসিএল কর্তৃক মংলা ও পায়রাতে গভীর ও অগভীর সমুদ্রে FSRU নির্মাণের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন প্রাপ্তি ও গ্যাসের উৎস হিসেবে অফটেক নির্ধারণপূর্বক বর্ণিত ডিপিপি পূণর্গঠন করে পুনরায় উপস্থাপন করা হবে।

## ৬.০৪ গোপালগঞ্জ জেলায় গ্যাস সরবরাহ কার্যক্রম

কোটালিপাড়া ও গোপালগঞ্জ সদরে প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল, বিসিক ও অন্যান্য শিল্প কারখানায় গ্যাস সরবরাহের লক্ষ্যে প্রস্তাবিত জিটিসিএল এর টিবিএস হতে কোটালিপাড়া ও গোপালগঞ্জ সদর অর্থনৈতিক অঞ্চল পর্যন্ত গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণের কর্মপরিকল্পনা রয়েছে। অত্র এলাকায় গ্যাসের বর্তমান চাহিদা ও ভবিষ্যত চাহিদা নিরূপণের জন্য জরীপ কাজ চলমান রয়েছে। জিটিসিএল কর্তৃক প্রস্তাবিত টেকেরহাট-গোপালগঞ্জ-খুলনা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের ফিজিবিলিটি স্টাডি চলমান রয়েছে। পরবর্তীতে অত্র এলাকায় জিটিসিএল কর্তৃক প্রস্তাবিত লাইনে অফটেকের চূড়ান্ত অবস্থান নিরূপণ করা হলে গ্যাসের উৎস পয়েন্ট বিবেচনা করে প্রকল্প প্রস্তাবনা প্রণয়নের পরিকল্পনা রয়েছে।

## ৬.০৫ প্রি-পেইড মিটার স্থাপন সংক্রান্ত কার্যক্রম

এসজিসিএল এর বর্তমান আর্থিক সক্ষমতা বিবেচনায় শতভাগ প্রি-পেইড মিটার স্থাপন আগামী তিন বছরে নিশ্চিত করার লক্ষ্যে নন-মিটারর্ড আবাসিক গ্রাহকদের প্রি-পেইড গ্যাস মিটারের আওতায় আনয়নের বিষয়ে পেট্রোবাংলার দিক নির্দেশনা কামনা করে গত ১৭/১০/২০২০ তারিখে এসজিসিএল হতে একটি প্রস্তাবনা প্রেরণ করা হয়। প্রি-পেইড মিটার স্থাপন সংক্রান্ত প্রাক্কলন প্রস্তুতির জন্য ইতোমধ্যে কোম্পানি পর্যায়ে কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক এতদসংশ্লিষ্ট বিষয়ে পেট্রোবাংলার অন্যান্য কোম্পানির প্রাক্কলনের আলোকে যাচাই-বাছাই ও জরিপ কাজ চলমান।

# ৭.০০ কোম্পানির প্রশাসনিক কার্যক্রম

## ৭.০১ জনবল কাঠামো

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, কোম্পানির সার্বিক উন্নতি নির্ভর করে দৃঢ় ও সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থার উপর। কোম্পানি গঠনের পর কোম্পানির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকারি এবং পেট্রোবাংলায় অনুসৃত নীতিমালা প্রবর্তন করে সুশৃঙ্খল

এবং দক্ষ প্রশাসনিক ব্যবস্থাপনা গড়ে তোলা হচ্ছে। এসজিসিএল এর সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থাপনায় সকল স্তরের মানব সম্পদ তথা কর্মকর্তা-কর্মচারীগণ নিজ নিজ অবস্থান থেকে স্বীয় অভিজ্ঞতা, দক্ষতা, কর্মস্পৃহা নিয়ে দায়িত্ব পালন করে এ কোম্পানির উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখছেন। কোম্পানির অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে ২১৭টি কর্মকর্তা ও ২৮টি কর্মচারী পদসহ মোট ২৪৫টি স্থায়ী পদের সংস্থান রয়েছে। বর্তমানে কোম্পানিতে স্থায়ী ৩৭ জন কর্মকর্তা এবং পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানিসমূহ হতে ১২ জন কর্মকর্তা প্রেষণে কর্মরত রয়েছেন। এছাড়া, কোম্পানিতে অস্থায়ী ভিত্তিতে ৮ জন এবং আউটসোর্সিং ভিত্তিতে ১২৩ জন কর্মচারী নিয়োজিত আছে। উল্লেখ্য যে, কোম্পানিতে ৪১ জন কর্মকর্তা ও ২০ জন কর্মচারী নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন।



কোম্পানির মাসিক সমন্বয় সভা

## ৭.০২ কর্মকর্তাগণের স্থানীয় এবং বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণ সংক্রান্ত বিবরণ

### মানবসম্পদ উন্নয়নের SGCL-এর কার্যক্রম নিম্নরূপ

### (ক) স্থানীয় প্রশিক্ষণ

স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ২০১৯-২০২০ অর্থ বছরে দেশের অভ্যন্তরে কোম্পানির কর্মকর্তাদের পেট্রোবাংলা, বিপিআই, বিআইএম, এনএপিডি, ঢাকা বিশ্ববিদ্যালয়, আইসিএমএবিসহ অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে Income Tax, VAT& Customs শীর্ষক প্রশিক্ষণে ৩ জন, Project Management শীর্ষক প্রশিক্ষণে ২ জন, Taxation and VAT Management শীর্ষক প্রশিক্ষণে ২ জন, এবং Metering and Pipeline Control System শীর্ষক প্রশিক্ষণে ৩ জন, Technical Roadshow শীর্ষক প্রশিক্ষণে ৩ জন, Cyber Security Awarness Training (15th Batch) শীর্ষক প্রশিক্ষণে ২ জন, Occupation Safety, Health & Environmental Management শীর্ষক প্রশিক্ষণে ১ জন, Techniques of Presentation Skill and Report Writing শীর্ষক প্রশিক্ষণে ১ জন, PPR-2008 শীর্ষক প্রশিক্ষণে ২ জন Orientation on Innovation শীর্ষক প্রশিক্ষণে ১ জন, Enterprise Resource Planning (ERP) শীর্ষক প্রশিক্ষণে ৮ জন, Oil and Gas Network Analysis শীর্ষক প্রশিক্ষণে ১ জন, সুশাসন/গুড গভর্নেন্স শীর্ষক প্রশিক্ষণে ৩০ জন, ভিডিও কনফারেন্সিং সিস্টেম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ শীর্ষক প্রশিক্ষণে ১ জন, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ শীর্ষক প্রতিষ্ঠানে ১ জন, বঙ্গবন্ধুর দর্শন ও বাংলাদেশ শীর্ষক প্রশিক্ষণে ১ জন, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ আনীত পরিবর্তন শীর্ষক প্রশিক্ষণে ১ জন, Office Management শীর্ষক প্রশিক্ষণে ১ জন, Environmental Issues of project Management শীর্ষক প্রশিক্ষণে ১ জন, Exchange of Experience and sharing knowledge on Oil and gas Measurement শীর্ষক প্রশিক্ষণে ১ জন, চাকরির নিয়মাবলী শীর্ষক প্রশিক্ষণে ১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ২০১৯-২০২০ অর্থ বছরে দেশের অভ্যন্তরে কোম্পানির ৪০ জন কর্মকর্তাকে সর্বমোট ১,৮৮০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## (খ) বৈদেশিক প্রশিক্ষণ

২০১৯-২০২০ অর্থ বছরে বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে কর্মকর্তাগণের মনোনয়ন, আর্থিক বাজেট এবং সরকারি আদেশ (জিও) থাকা সত্ত্বেও বিশ্বব্যাপি কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর প্রাদুর্ভাবের কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করা সম্ভব হয়নি। তবে উক্ত অর্থ বছরের শুরুর দিকে অর্থাৎ কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর প্রাদুর্ভাবের পূর্বে ২ জন কর্মকর্তাকে Tools, Techniques of Innovation and Annual Performance Agreement (APA) Management শীর্ষক বৈদেশিক প্রশিক্ষণে ১৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## ৭.০৩ জাতীয় শুদ্ধাচার কৌশল

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপকগণকে অন্তর্ভুক্ত করে একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল এ কোম্পানিতে যথাযথ প্রতিপাদনের নিমিত্ত পেট্রোবাংলার নৈতিকতা কমিটির সাথে সমন্বয় সাধন এবং প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কোম্পানির নৈতিকতা কমিটির কার্যক্রম অব্যাহত রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর আওতায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন, ওয়েবসাইট সেবা বক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, কর্মপরিবেশ উন্নয়ন ইত্যাদি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিতভাবে কোম্পানির আভ্যন্তরীণ সভা, সেমিনার, কর্মশালা আয়োজন করা হয়ে থাকে।

## ৭.০৪ ইনোভেশন কার্যক্রম

মন্ত্রিপরিষদ বিভাগ ও পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে এসজিসিএল-এ ইনোভেশন টিম গঠন করা হয়েছে। এ টিম সরকারের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী এ কোম্পানির জন্য একটি বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী ই-রেসপন্স সিস্টেম-এর আওতায় ই-টেন্ডারিং ইতোমধ্যে এ কোম্পানিতে চালু করা হয়েছে। বর্তমানে কোম্পানির প্রায় সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ই-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। এছাড়া, কোম্পানির সাফল্যের প্রচার এবং পারস্পারিক যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক-এ একটি পেইজ ও হোয়াটস অ্যাপ-এ একটি গ্রুপ চালু করা রয়েছে। ইনোভেশনের আওতায় কোম্পানিতে বায়োমেট্রিক হাজিরা সিস্টেম ও কর্মকর্তাগণের অবস্থান নির্দেশক ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে। এছাড়া, অত্র কোম্পানির সকল বিভাগ/শাখার নথিসমূহের শ্রেণীবিন্যাসকরণ এবং অনলাইন ইনভেন্টরী সফটওয়্যার চালুর প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এছাড়া, কোম্পানির পাইপ-লাইন নেটওয়ার্কের ডিজিটাল ম্যাপ প্রস্তুত কাজ চলমান রয়েছে।

## ৭.০৫ সামাজিক দায়বদ্ধতা

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এ প্রাতিষ্ঠানিকভাবে সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে সামাজিক দায়বদ্ধতা নীতিমালা (সিএসআর) প্রণয়ন করা হয়েছে। এসজিসিএল পরিচালনা পর্ষদের ৯৫তম সভায় নীতিমালাটি অনুমোদিত হয়।




এসজিসিএল কর্তৃক আয়োজিত চক্ষু চিকিৎসা শিবির

কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পূর্ব থেকেই সামাজিক দায়িত্ব পালনের বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করে আসছে। কোম্পানির রাজস্ব বাজেটের আওতায় সিএসআর খাতে অর্থের সংস্থান রেখে বিভিন্ন দুস্থ ও অসহায় পরিবার/ব্যাক্তি/প্রতিষ্ঠান-কে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর সামাজিক দায়বদ্ধতা নীতিমালা (সিএসআর), ২০১৯ এর আলোকে সাহায্য সহযোগিতা প্রদান করা হচ্ছে। এছাড়া, বাজেটে অর্থের সংস্থান রেখে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী ও ক্রীড়া প্রতিষ্ঠানের ক্রোড়পত্র ও প্রকাশনায় কোম্পানির বিজ্ঞাপন/আর্থিক সহায়তার মাধ্যমে এসজিসিএল সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সামাজিক দায়িত্ববোধ থেকে এসজিসিএল এর প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনায় ঈদ-ই-মিলাদুন্নবী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। এ কোম্পানির উন্নয়ন ও কার্যক্রম সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য বিভিন্ন উন্নয়ন মেলায় অংশগ্রহণ করা হয়। জ্বালানি নিরপত্তা দিবস পালন ও যথাযোগ্য সমারোহে জ্বালানি মেলায় অংশগ্রহণ করা হয়।

## ৭.০৬ কোভিড-১৯ মোকাবেলা, স্বাস্থ্য ও সচেতনতা

এসজিসিএল-এর প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত স্বাস্থ্য বিধি মেনে এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত শ্লোগান NO MASK, NO SERVICE; NO MASK, NO ENTRY যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। করোনায় আক্রান্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য কুইক রেসপন্স টিম গঠনের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান এবং ভিটামিন-সি জাতীয় খাবারসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। করোনা আক্রান্ত যে সকল কর্মকর্তা হাসাপাতালে ভর্তি হয়ে চিকিৎসা সেবা নিয়ে সুস্থ হয়েছেন, তাদের চিকিৎসা সেবা গ্রহণের প্রকৃত ব্যয় কোম্পানির সিএসআর ফান্ড হতে পরিশোধ করা হচ্ছে। করোনাকালীন নিরাপদ দূরত্ব বা সচেতনতা অবলম্বনের জন্য কোম্পানির আন্তঃ বা বহিঃ অধিকাংশ সভা, ট্রেনিং বা সেমিনার Zoom App-এর মাধ্যমে অনুষ্ঠিত বা অংশগ্রহণ করা হচ্ছে। ভিডিও কনফারেন্সিং সিস্টেমের মাধ্যমেও পেট্রোবাংলা ও এর অধীনস্থ' কোম্পানিসমূহের মধ্যে সভা-সেমিনার অনুষ্ঠিত হচ্ছে। প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জরুরী পরিস্থিতিতে লিফট ব্যবহার না করে সিড়িঁ ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

## ৭.০৭ নিরাপত্তা

এসজিসিএল এর আওতাধীন গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ যথা-ডিআরএস, আরএমএস স্থাপনাসহ খুলনাস্থ প্রধান কার্যালয়ে নিজস্ব ব্যবস্থাপনায় নিরাপত্তা ব্যবস্থা গৃহীত হচ্ছে। গ্যাস পাইপলাইনে লিকেজ থেকে সৃষ্ট দূর্ঘটনা রোধে অত্র কোম্পানির ভোলায় DRS-এ একটি অডোরাইজার ইউনিট স্থাপন করা হয়েছে। জরুরী ভিত্তিতে গ্যাস লিকেজ সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য Emergency Cell-এর কার্যক্রম অব্যাহত রয়েছে। গ্যাস লিকেজ জনিত দুর্ঘটনা জরুরী মেরামতের নিমিত্ত একটি ঠিকাদারি প্রতিষ্ঠান নিযুক্ত রয়েছে। এতদবিষয়ে গ্রাহক অভিযোগের ভিত্তিতে দুর্ঘটনা রোধ ও গ্যাস লিকেজ জনিত দুর্ঘটনা রোধকল্পে নিয়োজিত ঠিকাদার ও ভোলা আবিকায় বিদ্যমান জরুরী টিমের মাধ্যমে গ্রাহক পর্যায়ে সেবা প্রদান ও সকল প্রকার ত্রুটি মেরামত/রক্ষণাবেক্ষণের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে সকল স্থাপনায় সিকিউরিটি ম্যাপ সংরক্ষণসহ নিরাপত্তা বিষয়ক একটি কমিটি গঠন করা হয়েছে। কোম্পানির প্রধান কার্যালয়, আবিকা ভোলা এবং ভোলাস্থ রেন্টাল পাওয়ার প্লান্টের আরএমএস সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। কোম্পানির প্রধান কার্যালয়, আবিকা ভোলা, কুষ্টিয়া ৪১০ মেঃওঃ এবং কোম্পানির অধীনস্থ আফিল গেট পাইপ ইয়ার্ড, নওয়াপাড়া এবং কলাতলার গুদামসমূহ আউটসোর্সিং ভিত্তিতে নিয়োজিত নিরাপত্তা প্রহরীর মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়ে থাকে। এছাড়া, কোম্পানির বিভিন্ন স্থাপনায় জরুরী অগ্নি নির্বাপক ব্যবস্থার জন্য ফায়ার স্টিংগুয়েশার স্থাপন করা হয়েছে।

## ৭.০৮ দিবস উদযাপন

কোম্পানির নিজস্ব ব্যবস্থাপনায় রাষ্ট্রীয় বিভিন্ন দিবস যেমন স্বাধীনতা দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, বিজয় দিবস, জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা এবং ভাবগাম্ভীর্যের সাথে পালন করা হয়।

## ৭.০৯ ক্রীড়া ও বিনোদন

কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে আন্তঃসম্পর্ক, উৎসাহ-উদ্দীপনা ও কাজে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবছরেও কোম্পানির নিজস্ব ব্যবস্থাপনায় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বনভোজন, ইফতার মাহফিল, ঈদ-ই-মিলাদুন্নবী, বার্ষিক মিলাদ মাহফিল ইত্যাদি সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানাদি আয়োজন করা হয়েছে।



এসজিসিএল-এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২০

## ৭.১০ কর্মী ব্যবস্থাপনা সম্পর্ক

কোম্পানির কর্মপরিবেশ এবং স্থিতিশীলতা নিশ্চিতকরণে উন্নত কর্মী ব্যবস্থাপনা সম্পর্কের উপর গুরুত্ব দেয়া হচ্ছে। কোম্পানিতে কর্মবান্ধব পরিবেশ বজায় রয়েছে। আলোচ্য অর্থবছরেও কোম্পানিতে কর্মী ব্যবস্থাপনা সম্পর্ক সন্তোষজনক। বিভিন্ন সময়ে উদ্ভূত সমস্যাবলী পারস্পারিক সহযোগিতার মাধ্যমে নিষ্পত্তি করা হয়ে থাকে।

## ৭.১১ কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণমূলক কার্যক্রম

কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণমূলক কার্যক্রমের অংশ হিসেবে গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ, কল্যাণ তহবিল এবং মোটর সাইকেল ক্রয় ঋণ প্রবর্তন করা হয়েছে। কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্পৃহা বৃদ্ধিসহ দায়িত্ব জ্ঞান ও কার্য সম্পাদন ত্বরান্বিত হচ্ছে।

## ৮.০০ মুজিব বর্ষ উপলক্ষ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এ গৃহীত কার্যক্রমঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী বা মুজিববর্ষ শুরুর ক্ষণ গণনার জন্য কোম্পানির খুলনাস্থ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলাতে দুটি দৃষ্টিনন্দন কাউন্ট ডাউন ঘড়ি স্থাপন করা হয়। এ দুটি কার্যালয়ে মুজিব বর্ষ উপলক্ষ্যে বিলবোর্ড ও ব্যানার স্থাপন করাসহ কোম্পানিতে স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভা আয়োজন করা হয়। অপরদিকে কোম্পানির ব্যবহৃত লেটার হেড প্যাড এবং কোম্পানির প্রকাশিত সকল বিজ্ঞপ্তিতে যথাযথ নিয়মে মুজিববর্ষের লোগো ব্যবহার নিশ্চিত করা হয়েছে। এছাড়া, মুজিববর্ষে পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলা এবং 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত স্বল্প/মধ্য/দীর্ঘ মেয়াদী পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।



জাতীয় শোক দিবসে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

## ৯.০০ কোম্পানির ভিজিলেন্স/বিপণন/রাজস্ব ডিভিশনের আওতায় অন্যান্য কার্যক্রম

### ৯.০১ গ্রাহক সেবা

(ক) গ্রাহক হয়রানি পরিহার এবং বকেয়া পাওনার পরিমান নিশ্চিতকরণের স্বার্থে প্রতি পঞ্জিকা বছর শেষে কোম্পানি হতে সকল শ্রেণির গ্রাহকের নিকট "বকেয়া গ্যাস বিলের পরিমাণ "/"বকেয়া পাওনা নেই" প্রত্যয়নপত্র ইস্যু করা হচ্ছে।

(খ) গ্রাহক সেবা সহজিকরণে অনলাইনে বিলিং কার্যক্রম চলমান রেখে গ্রাহক সেবা উন্নত করা হচ্ছে।

(গ) গ্রাহক সেবা উন্নীতকরণে করোনাকালীন অনলাইনে ভিডিও কনফারেন্সিং সিস্টেমে সকল শ্রেণির গ্রাহকের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

(ঘ) গ্যাস অপচয় ও দুর্ঘটনা রোধকল্পে ভোলা আবিকায় একটি জরুরী টিম বিদ্যমান রয়েছে এবং গ্যাস লিকেজ জনিত দুর্ঘটনা জরুরী মেরামতের নিমিত্ত একটি ঠিকাদারি প্রতিষ্ঠান নিযুক্ত রয়েছে। এতদবিষয়ে গ্রাহক অভিযোগের ভিত্তিতে দুর্ঘটনা রোধ ও গ্যাস লিকেজ জনিত দুর্ঘটনা রোধকল্পে নিয়োজিত ঠিকাদার ও ভোলা আবিকায় বিদ্যমান জরুরী টিমের মাধ্যমে গ্রাহক পর্যায়ে সেবা প্রদান ও সকল প্রকার ত্রুটি মেরামত/রক্ষণাবেক্ষণের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

(ঙ) গ্যাস বিতরণ এলাকায় জনসচেতনতা বৃদ্ধি ও গ্যাস অপচয়/দুর্ঘটনারোধের লক্ষ্যে নিয়মিত মাইকিং, পোস্টারিং, ফেস্টুনসহ বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারনা কার্যক্রম চলমান রয়েছে।

### ৯.০২ অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ

(ক) সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর অধিভুক্ত এলাকার মধ্যে কেবল ভোলা জেলায় আবাসিক, বাণিজ্যিক, শিল্প ও ক্যাপটিভ শ্রেণিতে গ্যাস সংযোগ দেয়া হয়েছে। এসজিসিএল একটি নতুন প্রতিষ্ঠান হওয়ায় এর আওতাধীন এলাকায় গ্যাস কারচুপির প্রবণতা খুবই কম। তা সত্ত্বেও পেট্রোবাংলার নির্দেশে গ্যাস কারচুপি/অবৈধ গ্যাস সংযোগ

মনিটরিং করার জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট টীম গঠন করা হয়েছে। গঠিত টীম নিয়মিত গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করছে এবং কোন অবৈধ পাইপলাইন নির্মাণ/গ্যাস সংযোগ/গ্যাস কারচুপির তথ্য সাপেক্ষে তৎক্ষণাৎ গ্যাস বিপণন নিয়মাবলী/বাংলাদেশ গ্যাস আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করছে। বর্ণিত মনিটরিং টীম কর্তৃক গত ২০১৯-২০২০ অর্থবছরে বিভিন্ন কারণে ২১ টি আবাসিক শেণির গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।

(খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড-এর অধিভুক্ত এলাকা ভোলাতে অবৈধ গ্যাস সংযোগমুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি গ্রাহক আঙ্গিনা সরেজমিনে পরিদর্শনের জন্য কোম্পানির কর্মকর্তাদের সমন্বয়ে ১ টি মূল কমিটি ও ১০ টি উপ-কমিটি গঠন করে গত ০৮/০৩/২০২০ হতে ১৫/০৩/২০২০ তারিখ পর্যন্ত ভোলায় অবস্থান করে ২২৭২ টি আবাসিক, ২ টি বাণিজ্যিক, ৫ টি শিল্প ও ২ টি ক্যাপটিভ শ্রেণির গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করে। পরিদর্শনকালে গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪ এবং গ্যাস আইন-২০১০ এর সংশ্লিষ্ট বিধি/ধারা অনুযায়ী কমিটি প্রতিটি গ্রাহকের অনুমোদিত চুলা/গ্যাস অ্যাপ্লায়েন্স -এর সাথে প্রাপ্ত/ব্যবহৃত চুলা/গ্যাস অ্যাপ্লায়েন্স এর সংগতি আছে কিনা যাচাই করে ১৬টি আবাসিক শ্রেণির গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করে।

উল্লেখ্য যে, অত্র কোম্পানিতে বিদ্যমান মনিটরিং কমিটি ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গঠিত মূল কমিটি ও ১০ টি উপকমিটি কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরে অনুমোদিত চুলার চেয়ে অতিরিক্ত চুলা ব্যবহারের দায়ে ৯টি এবং বকেয়া বিল জনিত কারণে ১৪ টি ও ভিন্ন উদ্দেশ্যে গ্যাস ব্যবহারে ১৪ টি অর্থাৎ সর্বমোট ৩৭ (সাতত্রিশ) টি আবাসিক গ্যাস সংযোগ অস্থায়ীভাবে বিচ্ছিন্ন করে ভোলা এলাকাকে অবৈধ সংযোগমুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা ঘোষণা করা হয়।



ভোলা জেলায় অবৈধ গ্যাস সংযোগ/অবৈধ পাইপলাইন বিচ্ছিন্নকরণ কার্যক্রম

(গ) অস্থায়ীভাবে বিচ্ছিন্ন ৩৭ টি গ্যাস সংযোগের মধ্যে গ্রাহক আবেদনের প্রেক্ষিতে ৩১ টি আবাসিক শ্রেণির গ্রাহককে গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪ অনুসরণে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুনঃসংযোগ প্রদান করা হয় এবং অবশিষ্ট গ্রাহকের পুনঃসংযোগ প্রক্রিয়াধীন।

(ঘ) অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ থেকে বিরত থাকার জন্য নিয়মিতভাবে মাইকিং-এর মাধ্যমে প্রচার প্রচারণাসহ অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নের কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া, কেন্দ্রীয়ভাবে কোম্পানির কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত ৪

(চার) সদস্য বিশিষ্ট ভিজিলেন্স টীম ভোলা এলাকার বিভিন্ন গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন করছে। কখনো অননুমোদিত চুলা পাওয়া গেলে কিংবা বিল খেলাপী হলে ভিজিলেন্স টীম তাৎক্ষণিকভাবে গ্যাস সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করছে।

## ৯.০৩ গ্রাহকদের প্রত্যয়নপত্র প্রদান

গ্রাহক হয়রানি পরিহার এবং বকেয়া পাওনার পরিমাণ নিশ্চিতকরণের স্বার্থে প্রতি পঞ্জিকা বছর শেষে কোম্পানি হতে সকল শ্রেণির গ্রাহকের নিকট প্রত্যয়নপত্র প্রেরণ করা হয়। সে মোতাবেক পঞ্জিকা বছর ২০১৯ শেষে বিভিন্ন শ্রেণির গ্রাহকের নিকট "বকেয়া গ্যাস বিলের পরিমাণ"/"বকেয়া পাওনা নেই" ভিত্তিতে পাওনা হিসাব করে মোট ২৩৮১ (দুই হাজার তিনশত একাশি) টি প্রত্যয়নপত্র ইস্যু করা হয়েছে।



গ্রাহক আঙ্গিনা পরিদর্শন কার্যক্রম

## ৯.০৪ পরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম

Environment and Safety বিষয়ক বিধি-বিধান মেনে কোম্পানির অপারেশনাল ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করা হচ্ছে। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধির প্রয়াস অব্যাহত আছে। প্রযোজ্য ক্ষেত্রে নিরাপদ কাজের নীতি মেনে চলায় ২০১৯-২০২০ অর্থ বছরে কোম্পানিতে পরিবেশগত ও অপারেশনাল কোন দুর্ঘটনা ঘটেনি। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র সংগ্রহ করা হয় এবং ছাড়পত্রের শর্তাবলী মেনে চলা হয়। পরিবেশের ভারসাম্য রক্ষার্থে কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিপণন কার্যালয়ে বিভিন্ন ধরণের গাছের চারা রোপণ এবং তাদের পরিচর্যা অব্যাহত আছে।

## ১০.০০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে কর্মসম্পাদন ব্যবস্থা গুণগত ও পরিমাণগত মূল্যায়ণের জন্য সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির (Government Performance Management System) আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement, APA) চালু হয়। প্রচলিত নিয়মানুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে পেট্রোবাংলার এবং পেট্রোবাংলার সাথে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়ে আসছে এবং এর বিপরীতে অর্জিত সাফল্য যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। সরকারী কর্ম সম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি-এর আওতায়, পেট্রোবাংলা ও এসজিসিএল-এর মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য স্বাক্ষরিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে উল্লেখিত কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, যথা-বকেয়া আদায়, নতুন গ্যাস সংযোগ প্রদান করা, মানব সম্পদ উন্নয়ন, দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন, পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা, ব্রডসীট জবাব প্রেরণ, স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদকরণ, বাজেট বাস্তবায়নে উন্নয়ন, ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ ইত্যাদি কার্যক্রমে নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% অর্জিত হয়েছে।

এসজিসিএল-এর আওতাভুক্ত ভেড়ামারাস্থ ৪১০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্র মাঝে মাঝে বন্ধ থাকায় গ্যাস বিক্রয় কার্যক্রমে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন সম্ভবপর হয়নি। ২০১৯-২০২০ অর্থ-বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের সার্বিক একটি চিত্র নিম্নের ছকে তুলে ধরা হলোঃ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক মান ২০১৯-২০ | | | | | অর্জন | সাধারণ স্কোর | নির্ধারিত স্কোর(%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| [১] জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা | ৬০ | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] গ্যাস বিক্রয়ের পরিমান | বিসিএফ | ৩৫.০০ | ৪২.০০ | ৩৭.৩৪১ | ৩৩.১৯২ | ২৯.০৪৩ | ২৪.৮৯৪ | ৩৩.৭৭৩৫ | ৮০.৪১% | ২৮.১৫ |
| | | [১.২] বকেয়া আদায় | [১.২.১] রাজস্ব বৃদ্ধি | সমপরিমাণ মাস | ১৫.০০ | ০২ | ২.২০ | ২.৪০ | ২.৬০ | ২.৮০ | ১.৪৪ | ১০০% | ১৫.০০ |
| | | [১.৩] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগ সংখ্যা | সংখ্যা | ১০.০০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৬০৯.০০ | ১০০% | ১০.০০ |
| [২] প্রাকৃতিক গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা | ১৫ | [২.১] অবৈধ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | [২.১.১] গ্যাস সংযোগ বিচ্ছিন্ন | সংখ্যা | ১০.০০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৩৭.০০ | ১০০% | ১০.০০ |
| | | [২.২] ইভিসি যুক্ত মিটার স্থাপন সংখ্যা | [২.১.১] ইভিসি যুক্ত মিটার স্থাপন সংখ্যা | সংখ্যা | ৫.০০ | ০১ | - | - | - | - | ০০ | ০.০০% | ০.০০ |
| [৩] মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি করা | ৫ | [৩.১ ] মানব সম্পদ উন্নয়ন | কর্মকর্তা/ কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ | সংখ্যা | ৫.০০ | ৪৫ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ১৩৯ | ১০০% | ৫.০০ |
| [৪] আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ২০ | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, বাজেট বাস্তবায়নে উন্নয়ন, স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা, তথ্য বাতায়ন হালনাগাদকরণ ও ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ ইত্যাদি | | | ২০ | - | - | - | - | - | - | ৯৪.৩৫% | ১৮.৮৭ |
| | | | | | | | | | | | | সর্বমোট প্রকৃত অর্জন | ৮৭.০২ |

## ১১.০০ ই-জিপি বাস্তবায়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের e-Governance কার্যক্রমের আওতায় সিপিটিইউ-এ অন্তর্ভুক্তির মাধ্যমে অত্র কোম্পানিতে ই-জিপি বাস্তবায়ন করা হয়েছে। ইতোমধ্যে অত্র কোম্পানির "Land Development and Construction of Boundary Wall at Borhanuddin Valve Station, Borhanuddin, Bhola" শীর্ষক কাজের ১ টি টেন্ডার ই-জিপি-এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে এবং এর ধারাবাহিকতায় অত্র কোম্পানরি অন্যান্য দরপত্র ই-জিপি-এর মাধ্যমে সম্পন্নকরণের প্রক্রিয়া চলমান রয়েছে।

## ১২.০০ কোম্পানির ক্রয় কার্যক্রম

পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্টের চাহিদার প্রেক্ষিতে স্টেশনারী, হার্ডওয়্যার, ইলেক্ট্রনিক্স, স্যানেটারি, প্রিন্টিং মালামাল, প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়/স্থাপনার ফার্নিচার, অগ্নিনির্বাপক যন্ত্র ক্রয়সহ সকল স্থানীয় ক্রয়কার্য সম্পন্ন করা হয়।

## ১৩.০০ কোম্পানির আর্থিক কার্যক্রম

### ১৩.০১ গ্যাস বিক্রয়

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, এসজিসিএল কর্তৃক ২০১৯-২০২০ অর্থ-বছরে ভোলাস্থ গ্যাস সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্ক এর মাধ্যমে বিদ্যুৎ, শিল্প, বাণিজ্যিক, আবাসিক ও ক্যাপটিভ খাতে এবং জাতীয় গ্রীড হতে ভেড়ামারা ৪১০ মে:ও: বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা হয়। কোম্পানির ২০১৯-২০২০ এবং ২০১৮-২০১৯ অর্থ-বছরের গ্যাস বিক্রয় ও বিক্রয়লব্ধ আয়ের একটি তুলনামূলক বিবরণ উপস্থাপন করা হল :

| গ্রাহক শ্রেণি | ২০১৯-২০২০ | | ২০১৮-২০১৯ | |
|---|---|---|---|---|
| | পরিমাণ (মিলয়ন ঘনমিটার) | বিক্রয় (লক্ষ টাকা) | পরিমাণ (মিলয়ন ঘনমিটার) | বিক্রয় (লক্ষ টাকা) |
| বিদ্যুৎ | ৯৩৩.৯৪৮ | ৪১৫৬০.৬৯ | ৯৬৪.৭০৩ | ৩০৪৮৪.৬০ |
| শিল্প | ১০.৭৪৭ | ১১৪৯.৯৫ | ৭.৪০৩ | ৫৭৪.৪৭ |
| ক্যাপটিভ | ৫.৪৯৮ | ৭৬১.৪১ | ৩.৫৬৬ | ৩৪৩.০৬ |
| বাণিজ্যিক (হোটেল ও রেস্তোরাঁ) | ০.০৩৮ | ৮.৬৩ | ০.১১২ | ১৯.১২ |
| বাণিজ্যিক (ক্ষুদ্র ও কুটিশিল্প) | ০.০৩০ | ৫.২০ | - | - |
| আবাসিক | ৫.৭৮০ | ৭৪৮.৫১ | ৪.০৯৬ | ৩৭৪.১৬ |
| মোট | ৯৫৬.০৪১ | ৪৪২৩৪.৩৯ | ৯৭৯.৮৮০ | ৩১৭৯৫.৪২ |

২০১৯-২০২০ অর্থ-বছরে ভোলা ও ভেড়ামারা বিতরণ এলাকায় মোট ৯৫৬.০৪১ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় করা হয় যা বিগত অর্থ-বছরের তুলনায় ২৩.৮৪০ মিলিয়ন ঘনমিটার অর্থাৎ ২.৪৩% কম। গ্যাস বিক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়া সত্ত্বেও বিইআরসি কর্তৃক গ্যাসের মূল্য বৃদ্ধির কারণে উক্ত অর্থ-বছরে গ্যাস বিক্রয় রাজস্ব বিগত বছরের তুলনায় ১২৪৩৮.৯৭ লক্ষ টাকা অর্থাৎ ৩৯.১২% বৃদ্ধি পেয়েছে।

### ১৩.০২ আয়-ব্যয়

কোম্পানির ২০১৯-২০২০ এবং ২০১৮-২০১৯ অর্থ-বছরের আয়-ব্যয় ও মুনাফার একটি তুলনামূলক চিত্র উপস্থাপন করা হল:

| বিবরণ | ২০১৯-২০২০ | ২০১৮-২০১৯ |
|---|---|---|
| গ্যাস বিক্রয় রাজস্ব | ৪৪২৩৪.৩৯ | ৩১৭৯৫.৪২ |
| অন্যান্য অপারেশনাল আয় | ৪৬৭০.৮১ | ২৫৬৬.২১ |
| মোট রাজস্ব আয় | ৪৮৯০৫.২০ | ৩৪৩৬১.৬৩ |
| ক্রয়কৃত গ্যাসের মূল্য | (৩৮৯১৮.৭২) | (২৬৮৮৬.৪৯) |
| অবচয়সহ মোট বিতরণ ব্যয় | (১৭৪৩.৬১) | (১৮৩৩.৩১) |
| অন্যান্য নন অপারেটিং আয় | ১২৪.৩৩ | ৭.৭৩ |
| ব্যাংক মুনাফা খাতে আয় | ১৬৪৭.২৭ | ৮৪৬.৭২ |
| ঋণের সুদ | (১৫৩৯.৮৯) | (৩৫.৪৪) |
| শ্রমিক অংশীদারিত্ব তহবিল | (৪২৩.৭৩) | (৩২৩.০৪) |
| করপূর্ব নীট মুনাফা | ৮০৫০.৮৪ | ৬১৩৭.৮০ |
| আয়কর সঞ্চিতি | (২৬১৬.৫২) | (২১৪৮.২৩) |
| কর পরবর্তী নীট মুনাফা | ৫৪৩৪.৩২ | ৩৯৮৯.৫৭ |

২০১৯-২০২০ অর্থ-বছরে কোম্পানি গ্যাস বিক্রয় বাবদ ৪৪২৩৪.৩৯ লক্ষ টাকা এবং অন্যান্য অপারেশনাল আয় খাতে ৪৬৭০.৮১ লক্ষ টাকাসহ সর্বমোট ৪৮৯০৫.২০ লক্ষ টাকা রাজস্ব আয় করেছে। বিগত অর্থ-বছরে এ আয়ের পরিমাণ ছিল ৩৪৩৬১.৬৩ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ-বছরে ক্রয়কৃত গ্যাসের মূল্য ৩৮৯১৮.৭২লক্ষ এবং বিতরণ ব্যয় ১৭৪৩.৬১লক্ষ টাকাসহ মোট রাজস্ব ব্যয় ৪০৬৬২.৩৩ লক্ষ টাকা। অন্যান্য নন অপারেটিং আয়, ব্যাংক মুনাফা খাতে আয়, ঋণের সুদ খাতে ব্যয়, শ্রমিক অংশীদারিত্ব তহবিল খাতে প্রভিশন ইত্যাদি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ-বছরে করপূর্ব ও কর পরবর্তী নীট মুনাফার পরিমাণ যথাক্রমে ৮০৫০.৮৪ লক্ষ ও ৫৪৩৪.৩২ লক্ষ টাকা। বিগত অর্থ-বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৬১৩৭.৮০ লক্ষ ও ৩৯৮৯.৫৭ লক্ষ টাকা। আলোচ্য অর্থ-বছরে কোম্পানির মোট রাজস্ব আয় ৪২.৩৩% বৃদ্ধি পেয়েছে, পরিচালন ব্যয়সহ মোট ব্যয় ৪৬.৫৯% বৃদ্ধি পাওয়া সত্ত্বেও করপূর্ব ও কর পরবর্তী নীট মুনাফা বিগত অর্থ-বছরের তুলনায় যথাক্রমে ৩১.১৭% ও ৩৬.২১% বৃদ্ধি পেয়েছে।

## ১৩.০৩ আর্থিক অবস্থা

২০১৯-২০২০ এবং ২০১৮-২০১৯ অর্থ-বছরের নিরীক্ষা প্রতিবেদনে প্রতিফলিত কোম্পানির আর্থিক অবস্থার সার-সংক্ষেপ উপস্থাপন করা হল:

(লক্ষ টাকায়)

| বিবরণ | ২০১৯-২০২০ | ২০১৮-২০১৯ |
|---|---|---|
| **কোম্পানির মূলধন, ঋণ ও দায় ঃ** | | |
| মূলধন | ১৫৯৮৬.০৯ | ১১৫২০.৭১ |
| পেট্রোবাংলা হতে প্রাপ্ত ঋণ | ৪২৬২.৬৮ | ৪৫৮১.৩২ |
| জিওবি ঋণ | ৭৪৫৮.৬০ | ৭৪৫৮.৬০ |
| বৈদেশিক ঋণ | ২৬২৮৭.৭০ | ২৪২৬৩.৮২ |
| ঋণের সুদের সঞ্চিতি | ৯৯৬০.১২ | ৯৯৬০.১২ |
| নিরাপত্তা জামানত | ৬০৬.৯৩ | ৫৬২.২৭ |
| অবচয় তহবিল | ১৬৩১.৫২ | ১২৮১.২৪ |
| মোট | **৬৬১৯৩.৬৪** | **৫৯৬২৮.০৮** |
| **স্থায়ী ও চলতি সম্পদ ঃ** | | |
| স্থায়ী সম্পদ | ৬৩২৩.৪৭ | ৫২১৪.৭৭ |
| ওয়ার্ক-ইন-প্রগ্রেস | ৩৮২৯১.৬৯ | ৩৭৮৮৩.৫৩ |
| ফিক্সড ডিপোজিট | ১৮৫৫৯.৫৪ | ৩৪০৫.৬০ |
| প্রিলিমিনারী খরচ | ০.০০ | ২.৮৮ |
| নীট চলতি সম্পদ (চলতি সম্পদ - চলতি দায়) | ৩০১৮.৯৪ | ১৩১২১.৩০ |
| মোট | **৬৬১৯৩.৬৪** | **৫৯৬২৮.০৮** |

২০১৯-২০২০ অর্থ-বছরে কোম্পানির অবন্টিত মুনাফা ৪৪৬৫.৩৯ লক্ষ টাকা রেভিনিউ রিজার্ভ খাতে স্থানান্তর, ৩১৮.৬৪ লক্ষ টাকা পেট্রোবাংলার স্থানীয় ঋণ পরিশোধ, গ্যাস সংযোগের বিপরীতে গ্রাহক কর্তৃক ৪৪.৬৬ লক্ষ টাকার নিরাপত্তা জামানত প্রাপ্তি এবং অবচয় তহবিল খাতে ৩৫০.২৮ লক্ষ টাকা বৃদ্ধি ইত্যাদি কারণে কোম্পানির মূলধন, ঋণ ও দায় বিগত বছরের তুলনায় ৬৫৬৫.৫৬ লক্ষ টাকা অর্থাৎ ১১.০১% বৃদ্ধি পেয়েছে। ২০১৯-২০২০ অর্থ-বছরে কোম্পানি কর্তৃক ১১০৮.৭০ লক্ষ টাকার স্থায়ী সম্পদ ক্রয় করা হয়েছে। এ ছাড়া Work-in-progress ৪০৮.১৬ লক্ষ টাকা বৃদ্ধি, স্থায়ী আমানত ১৫১৫৩.৯৪ লক্ষ টাকা বৃদ্ধি, প্রিলিমিনারী খরচ ২.৮৮ লক্ষ টাকা হ্রাস এবং নীট চলতি সম্পদ ১০১০২.৩৬ লক্ষ টাকা হ্রাসের কারণে মোট সম্পদ বিগত বছরের তুলনায় ৬৫৬৫.৫৬ লক্ষ টাকা অর্থাৎ ১১.০১% বৃদ্ধি পেয়েছে।

## ১৩.০৪ আর্থিক পর্যালোচনা

২০১৯-২০২০ অর্থ-বছরে বিদ্যুৎ, শিল্প, বাণিজ্যিক, আবাসিক ও ক্যাপটিভ খাতে কোম্পানির মোট গ্যাস বিক্রয়ের পরিমাণ ৯৫৬.০৪১ মিলিয়ন ঘনমিটার, মোট ও নীট গ্যাস বিক্রয় রাজস্ব যথাক্রমে ৪৪২৩৪.৩৯ লক্ষ ও ৫৩১৫.৬৭ লক্ষ টাকা। উক্ত অর্থ বছরে জাতীয় গ্রীড হতে ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রে চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ না হওয়ায় অত্র কোম্পানির গ্যাস বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। তবে অন্যান্য অপারেশনাল ও নন-অপারেশনাল আয় লক্ষ্যমাত্রা অপেক্ষা বেশী হওয়ায়

২০১৯-২০২০ অর্থ-বছরে মোট আয় লক্ষ্যমাত্রা অপেক্ষা ৩৪০৪.৪১ লক্ষ টাকা অর্থাৎ ৪০.৭৫% বেশী হয়েছে। ২০১৯-২০২০ অর্থ-বছরে অবচয়সহ মোট বিতরণ ব্যয় খাতে বাজেট বরাদ্দ ২৩৫১.৫২ লক্ষ টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৭৪৩.৬১ লক্ষ টাকা যা বাজেট বরাদ্দ অপেক্ষা ৬০৭.৯১ লক্ষ টাকা অর্থাৎ ২৫.৮৫% কম। মূলধনী ব্যয় খাতে বাজেট বরাদ্দ ১৩২৮.০০ লক্ষ টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১১০৮.৭০ লক্ষ টাকা। উক্ত অর্থবছরে সকল খাতে ব্যয় বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ ছিল। ২০১৯-২০২০ অর্থ-বছরে কোম্পানির চলতি অনুপাত ১.১০ ঃ ১, বিনিয়োগকৃত মূলধনের উপর মুনাফা ১২.১৬%, নীট গড় স্থায়ী সম্পদের উপর আয় ১৮৬.৬৫% এবং ঋণ মূলধন অনুপাত ৭৩.৩৮ ঃ ২৪.১৫। বর্ণিত আর্থিক সূচকসমূহ পর্যালোচনায় দেখা যায়, কোম্পানির মুনাফা অর্জনের হার বিগত বছরসমূহের তুলনায় বৃদ্ধি পেলেও তারল্য অবস্থা ও আর্থিক সামর্থ এখনও কাঙ্ক্ষিত মানে উপনীত হয়নি। কোম্পানির আওতাধীন খুলনা ও ভোলা বিতরণ এলাকায় গ্যাস বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করা সম্ভব হলে আশা করা যায় ভবিষ্যতে কোম্পানির আর্থিক অবস্থা সুদৃঢ় হবে।

## ১৩.০৫ বকেয়া রাজস্ব

কোম্পানির সকল শ্রেণীর গ্রাহকের নিকট জুন, ২০২০ মাস পর্যন্ত গ্যাস বিল বাবদ পাওনা অর্থের পরিমাণ ৯৬,৫৬,৬৬,৮৪২.০০ (ছিয়ানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ ছেষট্টি হাজার আটশত বিয়াল্লিশ) টাকা যা ২.৩৭ মাসের গড় বিলের সমতুল্য। কোম্পানির খাতওয়ারী বকেয়ার পরিমাণ নিম্নে ছক আকারে দেখানো হলো।

| গ্রাহক শ্রেণি | সরকারী/আধাসরকারী (লক্ষ টাকা) | বেসরকারী (লক্ষ টাকা) | মোট বকেয়া (লক্ষ টাকা) | মাসিক গড় বিক্রয় (লক্ষ টাকা) | গড় মাস |
|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ | ৭৫১০.০১ | ১৮৪২.৭৭ | ৯৩৫২.৭৮ | ৩৮৪৪.২৭ | ২.৪৩ |
| শিল্প | ০.০০ | ১৩৭.৩০ | ১৩৭.৩০ | ৯৮.৯০ | ১.৩৯ |
| ক্যাপটিভ পাওয়ার | ০.০০ | ৬৩.১১ | ৬৩.১১ | ৬৫.৩৮ | ০.৯৭ |
| হোটেল এন্ড রেষ্টুরেন্ট | ০.০০ | ১.৪১ | ১.৪১ | ১.১৬ | ১.২১ |
| ক্ষুদ্র ও কুটির শিল্প | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৮৭ | ০.০০ |
| আবাসিক | ৪.৬৫ | ৯৭.৪১ | ১০২.০৬ | ৬২.৩৮ | ১.৬৬ |
| মোট= | ৭৫১৪.৬৬ | ২১৪২.০০ | ৯৬৫৬.৬৬ | ৪০৭২.৯৬ | ২.৩৭ |

## ১৩.০৬ সরকারি কোষাগারে অর্থ জমাদান

২০১৯-২০২০ অর্থ বছরে কোম্পানি লভ্যাংশ বাবদ ১০ কোটি টাকা এবং আয়কর বাবদ ১৯.৬৩ কোটি টাকাসহ সর্বমোট ২৯.৬৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে, যা বিগত অর্থ বছরে ছিল ২৬.১৮ কোটি টাকা।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, জেলা প্রশাসন, আইন শৃংঙ্খলা রক্ষাকারী বাহিনী, পেট্রোবাংলা ও এর অধীনস্থ সকল কোম্পানি এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ থেকে কোম্পানির অগ্রযাত্রায় সহযোগিতা প্রদানের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ হতে আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। কোম্পানির সার্বিক উন্নয়নের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থ-বছরসহ পরবর্তী কালে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি।

পরিশেষে, কোম্পানির ১১তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণসহ ধৈর্য সহকারে পরিচালকমন্ডলীর প্রতিবেদন শোনার জন্য আমি আপনাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং ২০১৯-২০২০ অর্থ-বছরের নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র, নিরীক্ষকের প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

**(গুলনার নাজমুন নাহার)**
চেয়ারম্যান
এসজিসিএল পরিচালনা পর্ষদ

# The Directors' Report
# On The Occasion of 11th Annual General Meeting
# Reflecting Overall Activities for Financial Year 2019-2020
# Of
# Sundarban Gas Company Limited (SGCL)

Bismillahir Rahmanir Rahim
Honourable Shareholders,
Assalamu Alaikum.

Greetings and congratulations to all of you at the 11th Annual General Meeting of Sundarban Gas Company Limited. I am pleased to present the Directors' report on the overall activities of the company for the financial year 2019-2020. On the eve of presenting the Directors' report, I would like to state unequivocally that in the midst of a global epidemic or natural disaster this Company has been moving forward successfully under the pragmatic directions of the honorable Shareholders as well the Board of Directors with active support and assistance through the relentless efforts taken by the officials and employees of all levels and each and everyone associated with the company. On behalf of the Board of Directors, I am presenting you the Annual Report on the audited accounts for the financial year 2019-2020, the auditor's report and management, marketing, financial, administrative and developmental activities.

## 1.00 The aims and objectives of formation of the Company

Respected Shareholders, we know that Bangladesh is dreaming of becoming a developed country within 2041. Assume that the demand for electricity and fuel will increase.One of the major commitments of the government is to ensure uninterrupted supply of energy through adoption of various plans and their proper implementation. Present government has already




10th Annual General Meeting of SGCL

taken various steps of generation power in minimum cost, low cost primary energy supply, construction of infrastructure for primary energy, ensuring investment balance amongst production, operation and distribution, ensuring efficient use of capacity, encouraging private investment in energy, further expansion of electricity trade, fair pricing of energy and the power and energy related institutions to strengthen. It is hoped that unimaginable success will be achieved in this sector. As the price of natural gas is lower than other fuels, it has been playing a vital role in socio-economic development. Although Khulna gained a reputation as an industrial rich area, it did not flourish as expected. The Sundarban Gas Company Limited was established to supply gas to different classes of customers in Khulna and the south-west region with the aim of balanced development of the country. By registering with the Registrar of Joint Stock Companies and Firms in Khulna on 23 November, 2009 Sundarban Gas Company Limited declared itself as a state-owned distinct company under Petrobangla. The establishment of a gas pipeline network in the south-west of the country is expected to unveil the golden door for the region to develop as an industrial area by ensuring the supply and optimal use of gas in various power plants and industries. Khulna Division, Barisal Division and Faridpur, Gopalganj, Madaripur, Shariatpur and Rajbari districts of Dhaka Division are the franchise areas of the company. The company is responsible for the construction of distribution gas pipelines in the franchise areas, the provision of gas connections to customers and the provision of post-connection services.



Cordial reception of newly appointed Board Director

## 2.00 Background of Flourishing of the Company

Respected Shareholders, in the year 1995 Shahbajpur Gas field of Bhola was explored and BAPEX started production and gas supply construction, gas transmission and distribution pipelines. As Bhola is situated under the franchise area of SGCL, the committee formed by petrobangla recommended to hand over the transmission pipeline and other infrastructures to SGCL in exchange of Taka 21,92,36,033.00. The said amount was paid to BAPEX with

the approval of Board of SGCL and a Vendor Agreement was executed between BAPEX and Sundarban Gas Company Limited with effect from 01.05.2013.In accordance with the vender agreement the Gas Pipeline, DRS, RMS, Land, Office building and other assets of Gas Transmission and Distribution at Bhola had been transferred to SGCL by BAPEX. SGCL emerged as a gas distribution company of petrobangla at 28th August'2013.

## 3.00 Present Status

Sundarban Gas Company Limited has so far provided gas supply to 2346 non-metered & 26 metered domestic, 2 commercial, 5 industrial, 2 captive power, one 95 MW capacity & one 34.5 MW capacity rental power plant. SGCL also has provided gas to one government owned combined cycle power plant of 225 MW capacity, one private combined cycle power plant of 220 MW capacity at Bhola and one government owned combined cycle power plant of 410 MW capacity at Bheramara, Kushtia along with related services in this regard. At present, gas is being supplied to SGCL's franchise areas at an average daily rate of about 80 mmscf. Currently, the total amount of transmission and distribution pipelines of different diameters of the company is 33.842 km and 107.714 km respectively.

## 4.00 Implemented Development Activities

### 4.01 Gas suppy to NutanBidyut(Bangladesh) Limited (NBBL)

The commissioning of temporary RMS and pipeline has been done on 12-13 September, 2020 for supplying gas to NutanBidyut(Bangladesh) Limited (NBBL) 220 MW Gas / 212 MW (HSD) power plant which is under construction at Borhanuddin in Bhola by setting up temporary RMS and pipeline for power generation on an emergency basis. The approved load of the power plant is 38 mmcfd. The commissioning of gas turbine-1 (N-11) of the above mentioned power plant has been completed. As the commissioning work of gas turbine-2 (N-12) is in progress, gas is being supplied at the rate of about 10 mmcf daily.

### 4.02 Gas Supply to M/S Aggreko International Projects Ltd. Singapore in Bhola:

Gas supply is being continued to 95 MW rental power plant M/S Aggreko International Ltd., Singapore after constructing RMS. The approved load for the power plant is 26 mmcfd and gas has been supplied at an average rate of 15.00 mmcfd in FY 2019-20. The upgradation of RMS (from 600 to 1000 psig) of power plant is going on.

### 4.03 Installation of Overhead Condensate Tank of 25,000 Liters Capacity in Bhola:

Initiatives were taken to construct an overhead condensate tank with a capacity of 25,000 liters in the RMS area of the 34.5 MW rental power plant for centrally store the condensate collected at RMS of three power plants and Bhola DRS located in Bhola area under this company. The construction work of above mentioned condensate tank has been completed successfully as per contract.

### 4.04 Construction of Pipelines:

A Memorandum of Understanding (MoU) was signed between North-West Power generation Company Limited(NWPGCL) and Sundarban Gas Company Limited (SGCL) on 30th April 2017, regarding construction of necessary gas pipeline and RMS for supplying gas to the Rupsha 800 MW Combined Cycle Power Plant, financing NWPGCL.A foreign

contractor has completed the construction of a 9.2127 km pipeline with a diameter of 24 inches and a 1.8553 km pipeline with a diameter of 20 inches, i.e., a total of 11.068 km of pipeline from GTCL's Arangghata CGS in Khulna to Rupsha 800 MW CCPP and Khulna 225 MW CCPP courtyard and pipeline has been kept ready for gas supply by packing the pipeline with natural gas at a pressure of 280 psig.

## 5.00 Development Activities under Implementation

### 5.01 Gas Supply to Nutan Bidyut Bangladesh Limited (NBBL) at Bhola

A contract between SGCL & M/S Tormene Americana SA-JVCA has been signed on 15/01/2020 for constructing a RMS of 48 mmcfd capacity and 12'' DN x 7 KM x 1000 psig pipeline at customer financing (Depository work) with a view to supplying gas to 220 MW Gas/212 MW (HSD) power plant which is installed by Nutan Bidyut Bangladesh Limited (NBBL) in Bhola. As per contract signed with M/S Tormene Americana SA-JVCA the construction of the RMS and the pipeline was supposed to be completed by 300 days after the issuance of Letter of credit (L/C) on 04/05/2020 i.e. within 28 February, 2021 but the contractor announced Force Majeure on 19/05/2020 in the wake of the global Covid-19 epidemic. The time has been extended to 150 days i.e. till 28/07/2021.



Contract signing ceremony with Tormene Americana

### 5.02 Gas Supply to North West Power Generation Company Limited (NWPGCL) in Khulna

The construction of 9.2127 km pipeline with a diameter of 24 inches and 1.8553 km pipeline with a diameter of 20 inches, i.e. a total of 11.068 km of pipeline has already been completed at NWPGCL's financing of NWPGCL for supplying gas to the Rupsha 800 MW Combined Cycle Power Plant. Besides, an agreement was signed on 28th November 2019 by inviting international tenders for constructing the proposed Rupsha 800 MW Combined Cycle Power Plant and RMS. The design and drawing of Proposed RMS is currently in the process of screening and approval by SGCL as part of technical assistance. It may also be mentioned that the RMS of Khulna 225 MW Combined Cycle Power Plant has already been constructed with the funding of NWPGCL. According to NWPGCL, it will be possible to receive gas for the power plant by August 2021 by commissioning the RMS, GBC, and GT. The signing of the Gas Supply Agreement (GSA) between SGCL and NWPGCL for supplying gas to Khulna 225 MW CCPP is under consideration. After the completion of the construction of gas supply infrastructure gas supply will be required at the rate of 35 mmcfd from September 2021 for Khulna 225 MW CCPP subjected to availability of gas. Besides, according to NWPGCL, the commissioning of the first unit of Rupsha 800 MW CCPP will be completed in February 2023 and the commissioning of the second unit will be completed in August 2023. About 6 (six) months before the commissioning of the power plant, 15 million



Gas Packing ceremony of NWPGCL's Pipeline

cubic feet of gas per day from August 2022 and 65 million cubic feet of gas per day from February 2023 will be required for pre-commissioning. However, since both the units will be operational from August 2023, 65 million cubic feet x 2 i.e. a total of 130 million cubic feet of gas per day will be required.

## 5.03 Gas Supply to Khulna 330 MW Duel Fuel Combined Cycle Power Plant

The MoU that is about to be signed between BPDB and SGCL has been finalizedfor the construction of RMS with a view to supplying gas at Khulna 330 MW Dual Fuel Combined Cycle Power Plant. In addition, technical specification, estimation & tender documents prepared by SGCL has already been sent to PDB for the purpose of inviting tenders in the sake of installation of the proposed RMS and pipeline from the off take of NWPGCL's Khulna 225 MW CCPP RMS to the inlet of the above mentioned RMS.

## 5.04 Providing Gas Connections to New Industrial Customers in Khustia BSCIC

The SGCL decides to construct 10" diax 140 pisg x 1.7 km pipeline &1 DRS (with hook-up line) at customer financing to supply gas to an industry named M/S MRS Industries Limited in industrial and captive power class intending to provide gas connection to new industrial customers in Khustia BSCIC.

## 5.05 Gas Connection Activities in Bhola City & Adjacent Areas

A total of 1264 risers were constructed till January 2020 at Bhola Regional Distribution Office and it adjacent areas under the project titled "Riser Installation, Construction of Service Line, Low Pressure Distribution Gas Pipeline & Related Maintenance, Rehabilitation and Emergency Maintenance Work Under Regional Distribution Office (RDO) Bhola of Sundarban Gas Company Ltd. However, as the gas produced in Bhola is not connected to the national grid, there is a possibility to start gas connection process in this area.